

Visit of Foreign Minister of Spain to India

June 15, 2022

স্পেনের বিদেশমন্ত্রীর ভারত সফর

জুন 15, 2022

স্পেনের বিদেশ, ইউরোপীয় ইউনিয়ন ও সহযোগিতা মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার জোসে ম্যানুয়েল আলবারেস 15ই জুন 2022 -এ ভারতে তার প্রথম সরকারি সফর করেছেন।

2. বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর সফররত স্পেনীয় বিদেশমন্ত্রীর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক চিত্রের পর্যালোচনা করেছেন। দুই মন্ত্রী সম্পর্কের নতুন গভীরতা এবং বিষয়বস্তু যোগ করতে প্রতিশ্রুতিবদ্ধ। বাণিজ্য ও বিনিয়োগ, জনগণের সাথে জনগণের সম্পর্ক, জলবায়ু সহযোগিতা, গ্রীণ এনার্জি, বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবন এবং প্রতিরক্ষা ও সুরক্ষার মত মুখ্য অগ্রাধিকার ক্ষেত্রগুলিতে সহযোগিতা বাড়ানোর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তারা দ্বিপাক্ষিক প্রাতিষ্ঠানিক পদ্ধতির নিয়মিত বৈঠক এবং বিভিন্ন ক্ষেত্রে আলোচনার অধীনে মোউ/চুক্তি গুলির দ্রুত চূড়ান্ত করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন।

3. দুই নেতা প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষরকে স্বাগত জানিয়েছেন। এর একটি অঙ্গ হিসেবে এয়ারবাস স্পেন 56টি C295 এয়ারক্রাফট সরবরাহ করবে, যার মধ্যে 40টি ভারতে প্রস্তুত হবে। তারা প্রতিরক্ষা এবং নিরাপত্তা সহযোগিতাকে আরও গভীর করতে সম্মত হয়েছেন। ভারত মেক ইন ইন্ডিয়া এবং আত্মনির্ভর ভারত-এর মাধ্যমে তার জাতীয় প্রতিরক্ষা উৎপাদন কর্মসূচিতে অংশ নেবার জন্য স্পেনের আগ্রহকে স্বাগত জানিয়েছে। তারা সন্ত্রাসবাদ, হিংস্র উগ্রবাদ এবং সাইবার অপরাধ সম্পর্কিত অভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলায় ঘনিষ্ঠ হয়ে কাজ করতে তাদের অঙ্গীকারকে পুনরায় ব্যক্ত করেছেন।

4. তারা ক্রমবর্ধমান দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিনিয়োগ সংযোগকে স্বাগত জানিয়েছেন এবং সেগুলিকে অভিন্ন স্বার্থের নতুন ক্ষেত্রে প্রসারিত করতে সম্মত হয়েছেন। তারা সন্তোষের সাথে উল্লেখ করেছেন যে, দ্বিপাক্ষিক বাণিজ্য কোভিডের আগের স্তরকে ছাপিয়ে গেছে এবং এমনকি এটি আরও বৃদ্ধি পাবার উল্লেখযোগ্য সম্ভাবনা রয়েছে। তারা সম্মত হয়েছেন যে, আইটি, ফার্মা এবং পুনর্নবীকরণের মত ক্ষেত্রগুলিতে আরও সুযোগের সম্ভাবনা রয়েছে এবং সবুজ হাইড্রোজেন, বৈদ্যুতিক গতিশীলতা, উন্নত উপকরণ, গভীর সমুদ্র অনুসন্ধানের মত নতুন এবং উদীয়মান অনাবিস্কৃত ক্ষেত্র রয়েছে যেখানে দুই দেশ আরও সহযোগিতা করতে পারে।

5. মন্ত্রীরা পারস্পরিক স্বার্থের বেশ কিছু আঞ্চলিক এবং বৈশ্বিক বিষয় নিয়ে মত বিনিময় করেছেন এবং জলবায়ু পরিবর্তন, বৈশ্বিক স্বাস্থ্য, টেকসই বিকাশ ও সন্ত্রাস দমনের মত অভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলায় পারস্পরিক বোঝাপড়া ও সমর্থনের কথা উল্লেখ করেছেন।

6. তারা এইমাসের শেষ দিকে ভারত- ইউইউ এফটিএ পুনরায় শুরু হওয়াকে স্বাগত জানিয়েছেন। ইউক্রেনের বিষয়ে, দুই মন্ত্রী জারি থাকা মানবিক সংকটের বিষয়ে তাদের উদ্বেগ প্রকাশ করেছেন এবং অতিশীঘ্র শান্ততা বন্ধ করার আহবান জানান। আফগানিস্তানের বিষয়ে, উভয় পক্ষই আফগানিস্তানে

বাধাহীন মানবিক সহায়তার প্রয়োজনীয়তাকে তুলে ধরেছেন যাতে এই অঞ্চলের স্থিতিশীলতাকে বিঘ্নিত করার জন্য যেন সন্ত্রাসী সংগঠনগুলি এই ভূখন্ড ব্যবহার না করে।

7. তারা ইন্দো-পেসিফিক অঞ্চলে কৌশলগত কেন্দ্রবিন্দুকে ধরে রাখা এবং সমমনস্ক দেশগুলির মধ্যে সহযোগিতামূলক প্রচেষ্টাকে উন্নীত করার প্রয়োজনীয়তার উপরে জোর দিয়েছেন। তারা এলএসি অঞ্চলে উন্নয়ন অংশীদারিত্ব এবং অর্থনৈতিক কর্মকান্ডে সহযোগিতা অন্বেষণে সম্মত হয়েছেন এবং এই প্রসঙ্গে আইবেরো-আমেরিকান কনফারেন্সে আলোচনা হয়েছে। উভয় মন্ত্রী ইউ এন এবং অন্যান্য বহুপাক্ষিক প্রতিষ্ঠানে ভারত এবং স্পেনের মধ্যে সহযোগিতার প্রশংসা করেছেন।

নিউ দিল্লি

জুন 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.